

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।

কাপাসিয়া উপজেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাকছুদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২০ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে প্রদর্শিত হলো।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ বিভিন্ন এনজিও প্রতিষ্ঠানের কার্যক্রমের উপর আলোচনা হয় ও আলোচ্যসূচি ভিত্তিক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃনং	আলোচ্যসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	কাপাসিয়া উপজেলাধীন এনজিও সমূহের মাসিক কর্মকাণ্ডের তথ্য নিয়মিত দাখিল সংক্রান্ত	সভার সভাপতি জনাব মোঃ মাকছুদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া মহোদয় উপস্থিত এনজিও প্রতিনিধিদের কাছে স্ব-স্ব এনজিও কর্মসূচী সম্পর্কে জানতে চান। তিনি বলেন, এনজিও সমন্বয় সভা ফলপ্রসূভাবে অনুষ্ঠানের জন্য কাপাসিয়া উপজেলায় কর্মরত সকল এনজিও সমূহের সমন্বিত তথ্য প্রয়োজন। কোন এলাকায় কোন এনজিও কি ধরনের কার্যক্রম পরিচালনা করছে এবং তাদের সুবিধাভোগীর সংখ্যা কত ইত্যাদি তথ্য নিয়মিত দাখিল করার জন্য সভায় আহবান করা হয়। সিদ্ধান্তঃ ১। প্রতি মাসে উপজেলা মাসিক এজিও বিষয়ক সমন্বয় সভার পূর্বে যথাযথভাবে এবং যথাসময়ে এনজিও সংক্রান্ত তথ্যাদি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল এনজিও, কাপাসিয়া।
০২	NGO & GO এর সাথে সমন্বয় সংক্রান্ত	সভার সভাপতি মহোদয় জানান যে, নিয়মিতভাবে এনজিওসমূহের সাথে সরকারী কার্যক্রমের সমন্বয়ের প্রয়োজন রয়েছে। তাই কর্মসূচী বাস্তবায়নের পূর্বে সকল এনজিও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচী বাস্তবায়ন পদক্ষেপ গ্রহণ করবেন। সিদ্ধান্তঃ ১। সরকারী সকল জাতীয় কর্মসূচী বাস্তবায়নে কাপাসিয়া উপজেলাধীন সকল এনজিও প্রতিনিধি অংশগ্রহণের মাধ্যমে জাতীয় প্রোগ্রাম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও
০৩	বৈদেশিক ফান্ড প্রাপ্তির কপি জমা প্রদান সংক্রান্ত	১. যে সকল এনজিও বৈদেশিক অর্থ কার্যক্রম পরিচালনা করে থাকে সে সকল এনজিওকে বৈদেশিক অর্থ প্রাপ্তির কপি এবং এ অর্থ দ্বারা গৃহীত কার্যক্রমের সার্বিক তথ্য নিয়মিতভাবে সভাপতি বরাবরে দাখিল করার বিষয়ে আলোচনা হয়। ২. যে সকল এনজিও ক্রেডিট প্রোগ্রাম এর সাথে জড়িত তাদেরকে ক্রেডিট এর বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সার্টিফিকেট নিয়ে কাজ করার পরামর্শ দেওয়া হয়। যে সকল এনজিও বৈদেশিক ফান্ড দ্বারা পরিচালিত তাদের তথ্য সংগ্রহ করার জন্য বলা হয়। সিদ্ধান্ত : ১. বৈদেশিক অর্থ দ্বারা কার্যক্রম পরিচালিত এনজিওসমূহ তাদের অনুকূলে বৈদেশিক অর্থ প্রাপ্তির কপি এবং এ অর্থ দ্বারা গৃহীত কার্যক্রমের সার্বিক তথ্য নিয়মিতভাবে সভাপতি বরাবরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও

০৪	প্রত্যয়ন পত্র সংক্রান্ত	সভার সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, এ উপজেলাধীন এনজিও প্রতিষ্ঠানের অনুকূলে প্রত্যয়ন পত্র প্রদানের জন্য কতিপয় এনজিও নিয়মিতভাবে স্ব স্ব এনজিও বিষয়ক তথ্য উপজেলা নির্বাহী অফিসে দাখিল করে না বিধায় সংশ্লিষ্ট এনজিও সমূহের নিয়মিত কার্যক্রম সম্পর্কে জানা যায় না। ফলে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সময়ে সময়ে এনজিও বিষয়ক চাহিত তথ্য সরবরাহ করা সম্ভব হয় না এবং প্রত্যয়ন পত্র প্রদানে সমস্যা হয়। সিদ্ধান্তঃ ১। প্রত্যেক এনজিও প্রতিমাসে তাদের কার্যক্রম সম্পর্কে তথ্য সরবরাহ নিশ্চিত করবে এবং তাদের অনুকূলে প্রত্যয়ন পত্র প্রদান করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।	সকল এনজিও
০৫	ইন্টারনেটের ব্যবহার ও নিয়মিত সমন্বয় সভার উপস্থাপনা ও রেজুলেশন সংক্রান্ত	আধুনিক যুগ তথ্য প্রযুক্তির যুগ, তাই এ প্রযুক্তিকে সঠিক ও সুন্দরভাবে ব্যবহার করতে ইন্টারনেটের বিকল্প কিছু নেই। ইন্টারনেটের মাধ্যমে অর্থাৎ ই-মেইল এর মাধ্যমে সব সময় তথ্য আদান প্রদান করতে সভাপতি মহোদয় পরামর্শ দেন এবং ডিসেম্বর/১৭ ইং এর মধ্যে প্রতিবেদনের সফটকপি পাঠানোর জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় এক এক করে প্রত্যেক সংস্থাকে প্রতিমাসে তার কার্যক্রম উপস্থাপন করতে পরামর্শ দেন। ১. সকল এনজিও প্রতিনিধিদের ইন্টারনেটের মাধ্যমে তথ্য আদান-প্রদান করতে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও
০৬	এনজিও ওয়েব পোর্টাল সংক্রান্ত	www.kapasias.gov.bd কাপাসিয়া ওয়েব পোর্টাল সাথে সামঞ্জস্য রেখে সকল এনজিও এর কার্যক্রম নিয়মিত ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। ওয়েব পোর্টালের নবায়নের বিষয়েও আলোচনা করা হয়। যে সকল এনজিও ওয়েব পোর্টালে এখনও অন্তর্ভুক্ত হয় নাই সে সকল এনজিওকে জরুরি ভিত্তিতে ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত হওয়ার জন্য বলা হয়। সিদ্ধান্তঃ ১। এনজিও ওয়েব পোর্টালে এনজিও সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ও মাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহমুদ
২০/১২/১০

মোঃ মাকছুদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।
ফোনঃ+৮৮০২৯২০৮৩৬৯
unokapasias@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩৩৩৬.০০০.২৭.০০১.১৬- ২৬০

তারিখঃ ০১ পৌষ ১৪২৪
২০ ডিসেম্বর ২০১৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। জেলা প্রশাসক, গাজীপুর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), গাজীপুর।
- ৪। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
- ৫।
- কাপাসিয়া, গাজীপুর।
- ৬। অফিস কপি।

মাহমুদ
২০/১২/১০

উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।